


গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
আগারগাঁও, ঢাকা-১২০৭।

ত্রৈমাসিক ভিত্তিতে (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) জিটিসিএল-এর “সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen’s Charter) কার্যকরভাবে বাস্তবায়ন” শীর্ষক সভার কার্যবিবরণী।


সভাপতি : প্রকৌ. মোঃ তাজুল ইসলাম মজুমদার
পরিচালক (অপারেশন) ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি।
তারিখ : ২৫ সেপ্টেম্বর, ২০২২
সময় : সকাল: ১০.০০ ঘটিকা
স্থান : কমিটি রুম (লেভেল-৩), জিটিসিএল।

- ১। সভাপতি মহোদয় জিটিসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen’s Charter) কার্যকরভাবে বাস্তবায়ন” শীর্ষক সভার ১২-০৯-২০২২ তারিখে জারীকৃত বিজ্ঞপ্তির আলোচ্যসূচী অনুযায়ী সকল কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জিটিসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen’s Charter) সংক্রান্ত কমিটির সদস্য-সচিব, উপ-মহাব্যবস্থাপক (ল এন্ড শেয়ার) জনাব মোঃ সিদ্দিকুর রহমান-কে কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen’s Charter) সংক্রান্ত তথ্যাদি উপস্থাপনের জন্য অনুরোধ করেন।
- ২। উপ-মহাব্যবস্থাপক (ল এন্ড শেয়ার) সভায় উল্লেখ করেন, কোম্পানিতে সর্বপ্রথম গত ০২-১২-২০১৫ তারিখে সিটিজেন চার্টার প্রণয়ন করা হয় এবং পরবর্তীতে বিভিন্ন সময়ে তা হালনাগাদ করা হয়েছে। পেট্রোবাংলার ২৭-১২-২০২০ তারিখ এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ৩০-১২-২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগের টেম্পলেট অর্থাৎ সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen’s Charter) নির্দেশিকা ২০১৭ অনুযায়ী হালনাগাদ করে কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করা হয়। জিটিসিএল-এর Citizen’s Charter ৩টি অংশে বিভক্ত, যথা:
- ১। নাগরিক সেবা: (২টি) ।
২। প্রাতিষ্ঠানিক সেবা: (১৮টি) ।
৩। অভ্যন্তরীণ সেবা: (৫৮টি) ।
- ৩। জিটিসিএল অডিটরিয়ামে গত ৩০-০৩-২০২২ তারিখে অনুষ্ঠিত ‘এপিএ অর্জন প্রমাণক ও প্রতিবেদন প্রস্তুত’ শীর্ষক কর্মশালায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উপসচিব (প্রশাসন-২ অধিশাখা) উক্ত বিভাগের ওয়েবসাইটে লাইভ পোর্টালে জিটিসিএল-এর Citizen’s Charter অতিসঙ্গর সংযুক্ত করার পরামর্শ প্রদান করে। এতদপ্রেক্ষিতে সর্বশেষ ০৮-০৬-২০২২ তারিখে Citizen’s Charter হালনাগাদ করা হয় এবং ১৬-০৬-২০২২ তারিখে কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।
- ৪। এছাড়া, উপ-মহাব্যবস্থাপক (ল এন্ড শেয়ার) সভায় কোম্পানিতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen’s Charter) বাস্তবায়ন পরিকল্পনা ২০২২-২৩ এর অন্তর্ভুক্ত ৬টি কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি নিম্নোক্তভাবে উপস্থাপন করেন:
- (১.১) ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হয়েছে;
(১.২) ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে;
(১.৩) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন করা হয়েছে;
(১.৪) ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ সভা আগামী ২৭-০৯-২০২২ তারিখে অনুষ্ঠিত হবে;
(২.১) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজনের লক্ষ্যে কোম্পানির নিয়োগ ও প্রশিক্ষণ ডিপার্টমেন্টকে আন্তঃবিভাগীয় পত্র প্রেরণ করা হবে; এবং
(২.২) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা নির্ধারিত সময়ের মধ্যে আয়োজন করা হবে।

- ৫। তিনি আরও উল্লেখ করেন যে, কোম্পানির Citizen's Charter প্রধান কার্যালয়সহ বিভিন্ন আঞ্চলিক কার্যালয়, মেনিফোল্ড ও মিটারিং স্টেশন, সিটি গেইট স্টেশন (সিজিএস), কাস্টডি ট্রান্সফার মিটারিং স্টেশন (সিটিএমএস), ডিসট্রিক্ট রেগুলেটরি স্টেশন (ডিআরএস) ও টাউন বর্ডার স্টেশন (টিবিএস) ও উল্লেখযোগ্য প্লান্টসমূহে Citizen's Charter প্রদত্ত সেবাসমূহ প্রদর্শন করা হয়েছে যা উপর্যুক্ত কমিটির মাধ্যমে নিয়মিত মনিটরিং করা হচ্ছে।
- ৬। অতঃপর আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২৫/০২/২০২২

(মোঃ সিদ্দিকুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক (ল' এন্ড শেয়ার)
ও সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি।


২৫/০২/২০২২

(প্রকৌ. মোঃ তাজুল ইসলাম মজুমদার)
পরিচালক (অপারেশন)
ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ওয়েস্ট) ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
- ২। কোম্পানি সচিব ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
- ৩। মহাব্যবস্থাপক (কিউএসএ) ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
- ৪। মহাব্যবস্থাপক (জেনারেল সার্ভিসেস) ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
- ৫। পরিচালক (অর্থ) ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
- ৬। উপ-মহাব্যবস্থাপক (কমন সার্ভিসেস) ও ফোকাল পয়েন্ট (Citizen's Charter), জিটিসিএল।
- ৭। উপ-ব্যবস্থাপক (সমন্বয়) টু ব্যবস্থাপনা পরিচালক, জিটিসিএল।
- ৮। অফিস কপি।